পেঁয়াজ নিয়ে বন্দরে ভিড়েছে মিয়ানমারের ট্রলার

বিশ টন পেঁয়াজ নিয়ে টেকনাফে ভিড়েছে মিয়ানমারের একটি ট্রলার। শুক্রবার সকালে ট্রলারটি বন্দরে ভিড়ে।

টেকনাফ স্থলবন্দর পরিচালনাকারী প্রতিষ্ঠান ইউনাইটেড ল্যান্ড পোর্টের ব্যবস্থাপক জসিম উদ্দিন চৌধুরী বলেন, প্রায় ৩ মাস পর মিয়ানমার থেকে পেঁয়াজ আমদানি হয়েছে। ইতিমধ্যে পেঁয়াজগুলো ট্রলার থেকে খালাসের প্রক্রিয়া শুরু হয়েছে। কাগজপত্র হাতে না আসায় এখনও পেঁয়াজের সঠিক পরিমাণ জানা যাচ্ছে না। তবে ২০ মেট্রিক টনের বেশি হতে পারে।

সিঅ্যান্ডএফ প্রতিষ্ঠান সেভেন স্টার এন্টারপ্রাইজের তত্ত্বাবধানে কানিজ এন্টারপ্রাইজ নামে একটি আমদানিকারক প্রতিষ্ঠান পেঁয়াজগুলো আমদানি করেন।

আমদানিকারক প্রতিষ্ঠানের সত্ত্বাধিকারী উসমান গণি জানান, প্রথম ধাপে দুই হাজার বস্তা পেঁয়াজ টেকনাফ বন্দরে এসে পৌঁছেছে। আরও পেঁয়াজ পথে রয়েছে বলে জানান তিনি।

সিঅ্যান্ডএফ প্রতিষ্ঠান সেভেন স্টার এন্টারপ্রাইজের ব্যবস্থাপক মো. আরাফাত জানান, শুক্রবার ছুটির দিন হওয়ায় আমদানির কাগজপত্র (আইজিএম) জমা দেয়া সম্ভব হয়নি। শনিবার কাগজপত্র জমা দিয়ে রোববারের দিকে পেঁয়াজগুলো দেশীয় বাজারে সরবরাহ করার আশা প্রকাশ করেন তিনি।

টেকনাফ স্থলবন্দরের শুল্ক কর্মকর্তা মোহাম্মদ আবছার উদ্দিন বলেন, মিয়ানমার থেকে পেঁয়াজ আমদানি করতে ব্যবসায়ীদের উৎসাহিত করা হচ্ছে। আমদানিকৃত পেঁয়াজ দ্রুত খালাস করে বাজারে পৌঁছানো হবে।

টেকনাফ শুল্ক বিভাগ জানায়, মিয়ানমার থেকে এ বন্দর দিয়ে গত নভেম্বর মাসে ২১ হাজার ৫৬০ মেট্রিক টন পেঁয়াজ আমদানি হয়েছে। এছাড়া অক্টোবর মাসে ২০ হাজার ৮৪৩ মেট্রিক টন পেঁয়াজ আমদানি হয়। সেপ্টেম্বর মাসে আমদানি হয় ৩৫৭৩ দশমিক ১৪১ মেট্রিক টন পেঁয়াজ এবং আগস্ট মাসে এসেছে ৮৪ মেট্রিক টন।

মেহেরপুরে নতুন ২জনসহ মোট আক্রান্ত ৫৯৬

মেহেরপুরে নতুন করে আরো ২ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এর মধ্যে মেহেরপুর সদরে একজন এবং মুজিবনগরে একজন। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়িয়েছে ৫৯৬ জনে।

আজ শুক্রবার বিকালে মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ১৮ টি রিপোটের মধ্যে ২ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩৯১৮ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ৩৩ জন । এর মধ্যে সদরে-৯, গাংনীতে- ১৮, মুজিবনগরে- ৬ জন।

এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৫ জনের। তার মধ্যে সদরে- ৭, গাংনী- ৬, মুজিবনগর- ২)।

সুস্থ হয়েছেন ৪৯৯ জন । এদের মধ্যে সদরে-২৬১, গাংনী -১৭৮, মুজিবনগর- ৪৯জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৪৬ জনকে। ভিন্ন ভাবে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের নতুন পাড়ার খাদিজা খাতুন এবং মুজিবনগর উপজেলার গোপালনগর গ্রামের ইসমাইল হোসেন।

ঢাকায় আনা হচ্ছে আল্লামা শফীকে

হেফাজত ইসলামের আমির আল্লামা শাহ আহমদ শফীর শারীরিক অবস্থা অবনতি হওয়ায় তাকে ঢাকায় আনা হচ্ছে।

এরপর রাত সাড়ে ১২টা নাগাদ পুলিশ ও র্যাবসহ আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর সমস্যরা মাদ্রাসার সামনে থেকে সরে যায় এবং চট্টগ্রাম-খাগড়াছড়ি মহাসড়কে যান চলাচল স্বাভাবিক হয়। পরে মাদ্রাসার বাইরে থাকা শিক্ষার্থীরা মাদ্রাসায় প্রবেশ করে।

প্রসঙ্গত, প্রায় শতবর্ষী আল্লামা আহমদ শফী দীর্ঘদিন যাবৎ তিনি বার্ধক্যজনিত দুর্বলতার পাশাপাশি ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও শ্বাসকষ্টে ভুগছেন।

ভৈরবে একসঙ্গে ৪ কন্যাসন্তানের জন্ম

ভৈরবের একটি বেসরকারি হাসপাতালে একই সঙ্গে চার কন্যাসন্তান জন্ম দিয়েছেন শারমিন বেগম নামে এক নারী।

বৃহস্পতিবার রাত ৮টায় সিজারিয়ান অপারেশনের মাধ্যমে চারটি শিশুর জন্ম হয়েছে। শারমিনের স্বামীর নাম শাফিন আহমেদ এবং বাড়ি ব্রাহ্মণবাড়িয়ার সরাইল এলাকায়।

গাইনি ও সার্জন চিকিৎসক ইসরাত জাহান এ সফল অস্ত্রোপচার করেন। এই চার কন্যাই দম্পতির প্রথম সন্তান।

তবে মা ও তিন সন্তান সুস্থ থাকলেও আজ শুক্রবার সকালে একটি কন্যা মারা যায়।

জানা গেছে, শাফিনের সঙ্গে শারমিনের বিয়ে হয় বছর পাঁচেক আগে। শাফিন জানান, অনেক দিন চেষ্টার পর আমার স্ত্রী গর্ভবতী হয়েছেন। তবে একসঙ্গে চার মেয়েসন্তান হবে ভাবতে পারেনি।

‘আজ শুক্রবার সকালে এক সন্তান মারা গেলেও তিন সন্তান ও তার মা সুস্থ আছে। আমি আল্লাহর কাছে প্রার্থনা করছি, আমার তিন মেয়ে যেন বেঁচে থাকে।’

স্ত্রীর জন্য সবার কাছে দোয়া চেয়েছেন শাফিন। ডা. ইসরাত বলেন,

শারমিনের বিয়ের পর বারবার সন্তান নেয়ার চেষ্টা করে কিন্তু গর্ভে সন্তান এলেও নষ্ট হয়ে যায়। তার পর কয়েক বছর চিকিৎসা নিলে তিনি গর্ভবতী হন। পরে আলট্রাসনোগ্রাফ করলে দেখা যায় গর্ভে তিন সন্তান। গতকাল সিজারের পর চার সন্তান জন্ম হয়।

তিনি বলেন, অপারেশনের পর মা ও চার সন্তান সুস্থ আছে। তবে শিশুগুলোর ওজন কম থাকায় আজ সকালে একটি মারা গেছে।

আরও ২২ প্রাণ গেল করোনায়, শনাক্ত ১৫৪১

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ২২ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৮৮১ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ১ হাজার ৫৪১ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৩ লাখ ৪৫ হাজার ৮০৫ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৯২৩ জন এবং মোট সুস্থ ২ লাখ ৫২ হাজার ৩৩৫ জন।

শুক্রবার স্বাস্থ্য অধিদফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ১২ হাজার ৭৩০টি নমুনা পরীক্ষা করে ১ হাজার ৭২৪ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট শনাক্ত ৩ লাখ ৪৫ হাজার ৮০৫।

গত ২৪ ঘণ্টায় পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ১২ দশমিক ১১ শতাংশ।

এই সময়ে দেশে আরও ২২ জনের মৃত্যু হয়েছে। মারা যাওয়া রোগীদের মধ্যে ১৬ জন পুরুষ ও ৬ জন নারী। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৮৮১ জন কোভিড রোগীর মৃত্যু হলো।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৯২৩ জন এবং মোট সুস্থ

২ লাখ ৫২ হাজার ৩৩৫ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৭২ দশমিক ৯৭ শতাংশ ও মৃত্যু হার ১ দশমিক ৪১ শতাংশ।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে উৎপত্তি হওয়া প্রাণঘাতী করোনাভাইরাস বাংলাদেশসহ বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে।

গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগী শনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

মেহেরপুরে কচুর বস্তুার ভিতর থেকে ৬৭ বোতল ফেনসিডিল উদ্ধার

মেহেরপুর সদর উপজেলা কায়ুমকাটা রোড থেকে ৮ টি কচুর বস্তার ভিতরে ৬৭ বতল ফেনসিডিল উদ্ধার করেছে পুলিশ।

শুক্রবার দুপুরে সদর থানার এস আই শরিফ হাবিব এর নেতৃত্বে এই অভিযান পরিচালনা করা হয়।

এসময় তিনি বলেন আমাদের কাছে সংবাদ আসে মেহেরপুর সদর গাংনী উপজেলার শাহারবাটি গ্রাম থেকে আলগামনে ৮ বস্তা কচুর ভিতরে ফেন্সিডিল মেহেরপুরে আসছে। তারই সুত্র ধরে আমরা কায়ুমকাটা রাস্তার ভিতরে কচু বোঝায় গাড়িটা আটকায় এবং সেখান থেকে ৬৭ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

এসময় তিনি আরও বলেন ঘটনা স্থলে আলগামন চালক মানিক (২৬) কে জিজ্ঞাসা করার জন্য থানায় নেওয়া হয়েছে।

এসময় আরও উপস্থিত ছিলেন সদর থানার এএসআই ওবাইদুর রহমান, এ এস আই

আব্দুল মালেক, এ এস আই মিরাজুল ইসলাম,ও বৈকন্ঠপুর ক্যাম্পের এ এস আই মাসুদ রানা প্রমুখ।

জীবননগরে কমিউনিটি গ্রুপের সদস্যদের ১ দিনের কর্মশালা

জীবননগরে ইউনিয়নের ওর্য়াড পর্যায়ে কমিউনিটি গ্রুপের সদস্যদের নেতৃত্ব বিকাশ ও এ্যাডভোকেসি বিষয়ে উপজেলা পর্যায়ে ১ দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

জীবননগর উপজেলা লোকমোর্চার আয়োজনে গতকাল বৃহস্পতিবার সকাল থেকে বিকাল পর্যন্ত এক দিন ব্যাপী ওর্য়াড পর্যায়ে কমিউনিটি গ্রুপের সদস্যদের নেতৃত্ব বিকাশ ও এ্যাডভোকেসি বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি ও উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আযাদ, জীবননগর উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, উথলী ইউনিয়ন লোকমোর্চার সভাপতি আব্দুল মান্নান পিল্টু ।

এছাড়াও কমিউনিটি গ্রুপের সভাপতি মফিুজুল ইসলাম, ইউনুস আলী, নিজামুল হক, নজরুল ইসলাম, লাভলী খাতুন ও আরিফ হোসেন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সেশন পরিচালনা করেন লোমর্চোর প্রকল্প সমন্বয়কারী আব্দুল আলীম সজল। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন প্রকল্প কর্মকর্তা মাহমুদুর রহমান আকাশ।

ধানখোলা ইউপির ২ নং ওয়ার্ডের সদস্য পদে উপ নির্বাচন ২০ অক্টোবর

মেহেরপুরের গাংনীর ধানখোলা ইউপির ২ নং ওয়ার্ডের উপ নির্বাচনের তফশিল ঘোষনা করা হয়েছে। ইউপি সদস্য জাফর হোসেনের মৃত্যুতে গত সোমবার নির্বাচন কমিশন এ তফশিল ঘোষনা করেন।

তফশিল অনুযায়ী আগামি ২০ অক্টোবর নির্বাচন অনুষ্ঠিত হবে। গত মঙ্গলবার রিটার্নিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাচন কর্মকর্তা আব্দুল আজিজ এ সংক্রান্ত একটি গণ-বিজ্ঞপ্তি জারি করেছে।

বিজ্ঞপ্তি অনুযায়ী মনোনয়ন পত্র দাখিলের শেষ সময় ২৩ সেপ্টেম্বর, যাচাই বাছাই ২৬ সেপ্টেম্বর, প্রার্থীতা প্রত্যাহার ৩রা অক্টোবর ও ভোট গ্রহন ২০ অক্টোবর।

এ দিকে নির্বাচনকে কেন্দ্র করে ২ নং ওয়ার্ড জুগিন্দা গ্রামে উত্তেজনা শুরু হয়েছে। উত্তেজনা প্রশোমন করা না গেলে যে কোন সময় বড় ধরনের সহিংসতা আশংখা করছে এলাকাবাসি।

নির্বাচন অফিসার আব্দুল আজিজ বলেন,কোন ধরনের সংঘর্ষ না হয় এজন্য ব্যবস্থা নেয়া হচ্ছে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, জুগিন্দা গ্রামে ইতোপূর্বে কয়েক দফা সংঘর্ষের ঘটনা ঘটেছে। সেই ঘটনা মামলা চলমান রয়েছে।

রাজনৈতিক কোন্দল ও নির্বাচন কে কেন্দ্র করে ইতো মধ্যে কিছুটা উত্তেজনা দেয়া দিয়েছে। তবে সহিংসতা রোধে পুলিশ সতর্ক রয়েছে। তবে নতুন করে কেউ সংঘর্ষের চেষ্টা করলে কাউকেই ছাড় দেয়া হবেনা।

গাংনীর রায়পুর ইউপি সদস্য বকুল হোসেনের বিরুদ্ধে তদন্ত শেষ

মেহেরপুরের গাংনীর রায়পুর ইউপি ৩ নং ওয়ার্ডের সদস্য বকুল হোসেনের বিরুদ্ধে তদন্ত শেষ হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১২ টায় ইউনিয়ন পরিষদ কার্যালয়ে বাদী বিবাদী ও সাক্ষীদের উপস্থিতিতে তদন্ত করেন সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মো: সামসুজ্জোহা।

তদন্তকে কেন্দ্র করে সহিংশতার আশংখায় ইউপি কার্যালয়ে পুলিশ মোতায়েন করা হয়। তদন্ত কর্মকর্তা ও সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মো: সামসুজ্জোহা বলেন, ঝোড়পাড়া গ্রামের ৫জন নারী পুরুষ ইউপি সদস্য বকুল হোসেনের বিরুদ্ধে বয়স্ক ও প্রতিবন্ধী ভাতার ১ হাজার টাকা করে হাতিয়ে নেয়া হয়েছে মর্মে উপজেলা নির্বাহী অফিসারের কাছে লিখিত অভিযোগ করেন।

অভিযোগটি তদন্ত করতে আমাকে নির্দেশনা দেয়া হলে বিষয়টি তদন্ত করা হয়। তিনি বলেন,বাদী বিবাদী ও ইউপি চেয়ারম্যান সহ গ্রামের কয়েকজনের বক্তব্য নেয়া হয়েছে। আগামি সপ্তাহে উপজেলা নির্বাহী অফিসারের কাছে তদন্ত প্রতিবেদন দাখিল করা হবে। সততা ও ন্যায় নিষ্ঠার সাথে তদন্ত করা হয়েছে।

ইউপি সদস্য বলেন, অভিযোগকারী ৫ জনের মধ্যে জামাল হোসেন, আকলিমা খাতুন ও রেজিয়া খাতুন তাদের অভিযোগ প্রত্যাহার করে লিখিত দিয়েছেন।

এছাড়া এ ওয়ার্ডের আরো অন্তত ৩০ জন বিভিন্ন ভাতাভোগী রয়েছেন তারা কেউ অভিযোগ করেনি। যে দুএকজন অভিযোগ করেছে সে অভিযোগ মিথ্যা। একটি মামলাকে কেন্দ্র করে ফায়দা লুটতে ও রাজনৈতিক ভাবে মোকাবেলা করতে ব্যার্থ হয়ে বিগত নির্বাচনে যারা পরাজিত হয়েছিলেন তারা কয়েকজনকে সাথে নিয়ে ষড়যন্ত্রের মাধ্যমে অপরাজনীতি শুরু করেছে। আসন্ন ইউপি নির্বাচনকে কেন্দ্র করে মিথ্যাচারে লিপ্ত হয়েছে। মিথ্যাচারের জবাব জনগন অবশ্যই ব্যালটের মাধ্যমেই দেবে।

তবে অভিযোগকারীরা বলেন অভিযোগ দিয়েছি সঠিক তদন্ত করা হলে সত্য বের হয়ে আসবে। রায়পুর ইউপি চেয়ারম্যার গোলাম সাকলায়েন সেপু বলেন,যেহেতু বিষয়টি তদন্তাধীন তাই এ বিষয়ে মন্তব্য করা উচিত হবেনা। তবে তদন্তের মাধ্যমে সঠিক বিষয়টা উঠে আসবে বলে মন্তব্য

করেন তিনি।

এলাঙ্গী পুলিশ ক্যাম্পেরা ইনচার্জ জানান,তদন্ত চলাকালে কোন ধরনের সংঘর্ষ না হয় এজন্য কর্তৃপক্ষের নির্দেশে তদন্ত শুরু হওয়ার পূর্ব থেকেই পুলিশ মোতায়েন করা হয়েছিলো। শেষ পর্যন্ত সংঘর্ষ ছাড়াই শান্তিপূর্ন ভাবে তদন্ত শেষ হয়েছে।

গাংনীতে বিশ্বকর্মা পূজা অনুষ্ঠিত

অঞ্জলি, পূজা-অর্চনা প্রসাদ বিতরণের মধ্য দিয়ে মেহেরপুরের গাংনীতে বিশ্বকর্মা পূজা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরের দিকে গাংনী উপজেলা পূজা মন্দিরে বিশ্বকর্মা পূজার আয়োজন করা হয়।

পরে বিভিন্ন জুয়েলারি ব্যবসা প্রতিষ্ঠানে নিজ নিজ উদ্যোগে বিশ্বকর্মা পূজা করা হয়। দুপুরের দিক থেকে অঞ্জলি প্রদান ও পূজা অর্চনার মধ্য দিয়ে পূজার আনুষ্ঠানিকতা শুরু হয়।

এ সময় ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ করা হয়। ব্যবসায় উন্নয়নের লক্ষ্যে হিন্দু সম্প্রদায়ের যুবকরা প্রতিবছরই বিশ্বকর্মা পূজার আয়োজন করে থাকে। পূজা অনুষ্ঠানে পুরোহিত হিসেবে দায়িত্ব পালন করেন চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার কুমারী গ্রামের শ্রী উত্তম কুমার চক্রবর্তী।

এ সময় উপজেলা পূজা উদযাপন কমিটির সাধারণ সম্পাদক সুশান্ত কুমার পাত্র, সহ-সভাপতি সুশান্ত কুমার হালদার সহ কল্লোল পাত্র, প্রদীপ কুমার, প্রকাশ কুমার, শুভ কুমার, শ্যামল কুমার, আরাধন, সুমন ও সঞ্জয় উপস্থিত ছিলেন।